প্রবাসী কমিউনিটি নেতা আব্দুল হালিমের দেশে আগমন উপলক্ষে সংবর্ধনা ও মতবিনিময়

চেম্বার ডেস্ক::

প্রবাসী কমিউনিটি নেতা, রেমিটেন্স যোদ্ধাদের মুখপাত্র অনলাইন নিউজ পোর্টাল ইন্টারন্যাশনাল বিডিনিউজ ডটনেট সম্পাদক ও ঐতিহ্যবাহী কানাইঘাট প্রেসক্লাবের আজীবন সদস্য আব্দুল হালিমের দেশে আগমন উপলক্ষে এক সংবর্ধনা ও মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে। গতকাল সোমবার (১৪ ফেব্রুয়ারী) রাতে ইন্টারন্যাশনাল বিডিনিউজ ডটনেট পরিবারের আয়োজনে সিলেট অনলাইন প্রেসক্লাবে প্রেসক্লাবের সহ সাধারণ সম্পাদক তাওহীদুল ইসলামের সভাপতিত্বে ও নিউজচেম্বার টুয়েন্টিফোর ডটকমের নির্বাহী সম্পাদক এম এ ওয়াহিদ চৌধুরীর সঞ্চালনায় এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এশিয়ান টিভির সিলেট প্রতিনিধি ও ঐতিহ্যবাহী কানাইঘাট প্রেসক্লাব সভাপতি রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল। বিশেষ অতিথি ছিলেন হাজী মোহাম্মদ শফিক হাই স্কুলের সিনিয়র শিক্ষক মাওলানা আমিনুল ইসলাম, প্রগতি উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মাওলানা যুবায়ের আহমদ। সংবর্ধিত অতিথির বক্তব্য আব্দুল হালিম বলেন, সাংবাতিকতায় নীতি নৈতিকতা সবচেয়ে গুরুত্বপূর্ণ, যদি একজন সাংবাদিকের নীতি নৈতিকতা থাকে তবেই তিনি এ সমাজের পজেটিভ সংবাদগুলো তুলে ধরবেন। এতে করে আমরা যারা প্রবাসে থাকি তারা সমাজ ও দেশের পজেটিভ সংবাদ দেখে প্রফুল্লিত হই, দেশের ভাবমূর্তি উজ্জল হয়।
তিনি সংবাদকর্মীদের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত কাজের ভিত্তি সুদৃঢ় করার আহ্বান জানান।
প্রধান অতিথির বক্তব্য রোটারিয়ান বুলবুল বলেন, আমাদের দেশের প্রবাসীরা শুধু রেমিটেন্স যোদ্ধা নয়, তারা একেকজন রাষ্ট্রদূতের মতো দায়িত্ব পালন করছেন। প্রবাসীরা এ দেশের নিয়ামক শক্তি। এ দেশের সরকারও প্রবাসীদের প্রণোদনাসহ বিভিন্ন ধরণের সুযোগ সুবিধা দিচ্ছেন।
হাফিজ শালিক বিল্লাহের কোরআন তেলাওয়াতের মাধ্যমে সূচিত অনুষ্টানে আরও উপস্থিত ছিলেন দৈনিক ভোরের ডাকের সিলেট প্রতিনিধি এম এ হান্নান, বন্দরবাজার হাসান মার্কেট মসজিদের ইমাম হাফিজ মাহমুদুর রহমান, ব্যাংক কর্মকর্তা যুবায়েরসহ অনেকেই।

অনুষ্টানে সংবর্ধিত অতিথিকে ফুল ও ক্রেস্ট দিয়ে সম্মাননা জানানো হয়।